# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
# ANSAR-VDP UNNAYAN BANK

ঋণ ও অগ্রিম উপ-বিভাগ

অপারেশন সার্কুলার নং-০৬/২০২০ তারিখ:১৯-১০-২০২০

সকল আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
বাংলাদেশ।

**বিষয়: করোনা ভাইরাসের কারণে সৃষ্ট সংকট মোকাবেলায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক "ক্ষুদ্রঋণ (Microcredit)" খাতে প্রাপ্ত ২০০.০০ (দুইশত) কোটি টাকা ঋণ বিতরণের নীতিমালা।**

প্রিয় মহোদয়,

সম্প্রতি নভেল করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে দেশের অন্যান্য জনগোষ্ঠীর ন্যায় বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদেরও আয় উৎসারী কর্মকান্ড বাধাগ্রস্ত হচ্ছে। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের আয় উৎসারী কর্মকান্ড চলমান রাখার মাধ্যমে উৎপাদন বৃদ্ধি, দারিদ্র্য বিমোচন ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিতকল্পে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বিগত বিগত ১৮-০৬-২০২০ তারিখের সূত্র নং-এসিডি(জিবিডি)৫৩৭(৫৪)/২০২০-২২০০ এবং বিগত ১৩-১০-২০২০ তারিখে সূত্র নং এসিডি(জিবিডি)৫৩৭(৫৪)/২০২০-৫১০১ মোতাবেক **"ক্ষুদ্রঋণ (Microcredit)"** খাতে ২০০.০০ (দুইশত) কোটি টাকা ঋণ মঞ্জুরী প্রদান করা হয়েছে। ২৮-০৬-২০২০ তারিখে অনুষ্ঠিত ব্যাংক পরিচালনা বোর্ডের ৯৩ তম সভার অনুমোদনক্রমে বাংলাদেশ ব্যাংকের নীতিমালার আলোকে **"বাংলাদেশ ব্যাংকের তহবিলে ক্ষুদ্রঋণ (Microcredit)"** খাত নামে একটি নুতন ঋণ প্রোডাক্ট চালু করা হলো।

২। **আলোচ্য ঋণ কর্মসূচী বাস্তবায়নের জন্য নিম্নোক্ত নীতিমালা জারী করা হলো :**

| ক্র: নং | বিষয় | | বিবরণ |
|---|---|---|---|
| ১। | ঋণ কর্মসূচীর নাম | : | **"বাংলাদেশ ব্যাংকের তহবিলে ক্ষুদ্রঋণ (Microcredit)"** |
| ২। | টার্গেট গ্রুপ | : | বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য/সদস্যাগণ এই কর্মসূচীর আওতায় ঋণ প্রাপ্য হবেন। |
| ৩। | ঋণ বিতরণের এলাকা | : | শাখার আওতাধীন কর্ম এলাকা। শাখার আওতাধীন কর্ম এলাকা বলতে শাখা সংশ্লিষ্ট থানা/উপজেলা/জেলা সদর/সিটি কর্পোরেশন এলাকা। |
| ৪। | তহবিলের উৎস ও মেয়াদ | : | বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে, ৩ বছর মেয়াদে। |
| ৫। | ঋণের খাতসমূহ | | কৃষি খাত ব্যতীত উৎপাদনশীল, কর্মসৃজন মূলক ও পরিবেশবান্ধব খাত, চলতি মূলধন ব্যবসায় ঋণ, সৌর বিদ্যুৎ স্থাপন, বায়োগ্যাস প্লান্ট, প্রবাস গমন ও নারী কর্মসৃজনসহ বিদ্যমান ক্ষুদ্রঋণের খাতসমূহে এ ঋণ বিতরণ করা যাবে। |
| ৬। | ঋণ প্রাপ্তির যোগ্যতা | : | ক) উদ্যোক্তাকে বাংলাদেশের নাগরিক হতে হবে;<br>খ) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য হতে হবে;<br>গ) আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের শেয়ার হোল্ডার হতে হবে;<br>ঘ) উদ্যোক্তার ১৮ বছরের উর্ধ্বে বয়স হতে হবে এবং দেউলিয়া, মাদকাসক্ত, আদালত কর্তৃক অভিযুক্ত, উন্মাদ ও জড়বুদ্ধি সম্পন্ন নহেন এমন ব্যক্তি হতে হবে;<br>ঙ) অবশ্যই স্বাক্ষরজ্ঞান সম্পন্ন হতে হবে;<br>চ) কোন গ্রাহক আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক বা অন্য ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ঋণ খেলাপী হলে তিনি এ তহবিলের আওতায় ঋণ প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবেন না।<br>ছ) উদ্যোক্তা কর্তৃক অত্র ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় একটি সঞ্চয়ী/চলতি/বঙ্গবন্ধু সঞ্চয়ী আমানত হিসাব খুলে পরিচালনা করতে হবে;<br>ঝ) প্রত্যেক ঋণগ্রহীতাকে সংশ্লিষ্ট শাখায় একটি এসডিপিএস হিসাব খুলতে হবে। |

**বিষয়: করোনা ভাইরাসের কারণে সৃষ্ট সংকট মোকাবেলায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক ''ক্ষুদ্রঋণ (Microcredit)'' খাতে প্রাপ্ত ২০০.০০ (দুইশত) কোটি টাকা ঋণ বিতরণের নীতিমালা।**

| ক্র: নং | বিষয় | | বিবরণ |
|---|---|---|---|
| ৭। | ঋণ সীমা | : | ক) ক্ষুদ্র ঋণ: একক গ্রাহকের ক্ষেত্রে ঋণের পরিমাণ হবে সর্বোচ্চ ১.০০(এক) লক্ষ টাকা এবং আয় উৎসারী কর্মকান্ডে অন্তর্ভুক্ত ব্যক্তিবর্গ (Group of Persons) এর সমন্বয়ে গঠিত গ্রুপভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে ন্যূনতম ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট গ্রুপের অনুকূলে ঋণের পরিমাণ হবে সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা;<br>খ) একই গ্রাহক বা গ্রুপ একাধিক প্রকল্পে ঋণ প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবেন না। |
| ৮। | সুদের হার | : | ক) ক্রমহ্রাসমান পদ্ধতিতে বার্ষিক ৮%।<br>খ) কোন গ্রাহক ঋণ গ্রহণ করার পর খেলাপি হলে ঋণ খেলাপকৃত ঋণ স্থিতির উপর অতিরিক্ত ২% হারে দন্ডসুদ আরোপ করা যাবে। |
| ৯। | ঋণের মেয়াদ | : | একক ও গ্রুপভুক্ত উভয় ক্ষেত্রে ঋণের মেয়াদ হবে বিতরণের তারিখ হতে সর্বোচ্চ ১ (এক) বছর। |
| ১০। | ঋণ বিতরণ পদ্ধতি | : | ক) অত্র কার্যালয় কর্তৃক নির্ধারিত বরাদ্দ অনুযায়ী যথাসময়ে ঋণ বিতরণ সম্পন্ন করতে হবে।<br>খ) পুরাতন ঋণ গ্রহীতাদের ক্ষেত্রে ঋণ পরিশোধের ন্যূনতম একদিন পর ঋণ বিতরণ করতে হবে। (যেমন মাসের ১ তারিখে কোন ঋণ গ্রহীতার ঋণটি পরিশোধ করলে তাকে ন্যূনতম ৩ তারিখে ঋণ বিতরণ করা যাবে।) |
| ১১। | আদায় পদ্ধতি | | সাপ্তাহিক/মাসিক কিস্তিতে ঋণের অর্থ আদায় করতে হবে। |
| ১২। | প্রয়োজনীয় দলিলপত্রাদি (চেক লিষ্ট) | : | ক) আবেদনকারীর ২ (দুই) কপি সত্যায়িত ছবি;<br>খ) গ্যারান্টরের ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;<br>গ) আবেদনকারী ও গ্যারান্টরের জাতীয় পরিচয়পত্রের উভয় পার্শ্বের সত্যায়িত ফটোকপি;<br>ঘ) আবেদনকারী ও গ্যারান্টরের স্থানীয় চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;<br>ঙ) ব্যাংক শেয়ার ক্রয়ের প্রমানকের সত্যায়িত ফটোকপি;<br>(অপারেশন সার্কুলার নং-৩৯/২০১৭ তারিখ ০৫-০৩-২০১৭ অনুযায়ী শেয়ার ক্রয় করতে হবে)।<br>চ) স্থায়ী বাসিন্দার প্রমানক হিসেবে বসতভিটার দলিল/পর্চা/খতিয়ানের ফটোকপি। |
| ১৩। | চার্জ ডকুমেন্টস | : | বিদ্যমান ক্ষুদ্রঋণ বিতরণের নীতিমালা অনুযায়ী। |
| ১৪। | মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীমে (ঋণ বীমা) চাঁদার পরিমাণ | : | অপারেশন সার্কুলার নং-১৯/২০১৬ তারিখ ১০ মে ২০১৬ অনুযায়ী ''মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম (Death Risk Coverage Scheme)" নীতিমালা অনুযায়ী অথবা সমন্বিত ঋণ নীতিমালার ২৩ নং অনুচ্ছেদ অনুযায়ী। |
| ১৫। | হিসাব কোড | : | বাংলাদেশ ব্যাংকের তহবিলে ক্ষুদ্রঋণ (Microcredit) হিসাব কোড: ৩০৪১০১০৫ ক্ষুদ্রঋণের (Microcredit) সুদ হিসাব কোড: ২৯০১১০১২ মেয়াদোত্তীর্ণ ক্ষুদ্রঋণ (Microcredit) হিসাব কোড: ৩০৪১০২০৫ |
| ১৬। | ঋণ আবেদন ফরম ও ফরমের মূল্য | : | ঋণ আবেদন ফরম (এফ-৩১ একক) ব্যবহার করতে হবে **(ফরম সংযুক্ত)**। তবে এফ-৩১ একক ফরম মুদ্রণ না হওয়া পর্যন্ত বিদ্যমান এফ-৩১ ফরমের অপ্রয়োজনীয় অংশ কেটে ব্যবহার করা যাবে। |

| ক্র: নং | ঋণের সিলিং | ঋণের আবেদন ফরমের মূল্য |
|---|---|---|
| ১ | ১ (এক) লক্ষ টাকা পর্যন্ত | ৭৫/- |

বিষয়: করোনা ভাইরাসের কারণে সৃষ্ট সংকট মোকাবেলায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক "ক্ষুদ্রঋণ (Microcredit)" খাতে প্রাপ্ত ২০০.০০ (দুইশত) কোটি টাকা ঋণ বিতরণের নীতিমালা।

| ক্র: নং | বিষয় | | বিবরণ |
|---|---|---|---|
| ১৭। | ঋণের সদ্ব্যবহার | : | ক) ঋণের সদ্ব্যবহার নিশ্চিতকল্পে নিজস্ব সুনির্দিষ্ট কর্ম-পরিকল্পনার আলোকে ঋণ বিতরণ, আদায় এবং সদ্ব্যবহার সংক্রান্ত বিষয়াদি নিয়মিত মনিটর করতে হবে;<br>খ) বাংলাদেশ ব্যাংক সময়ে সময়ে সংশ্লিষ্ট প্রকল্প/কৃষকদের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন এবং তথ্যাদি যাচাইয়ের মাধ্যমে ঋণের মনিটরিং ও মূল্যায়ন করবে; |
| ১৮। | রিপোর্টিং ও মনিটরিং | : | ক) বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে ঋণ বিতরণের পর ত্রৈমাসিক ভিত্তিতে ঋণ বিতরণ ও আদায়ের সমন্বিত বিবরণী বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের দাখিলের নিমিত্তে অত্র উপ-বিভাগে প্রেরণ করতে হবে।<br>খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে সরেজমিনে পরিদর্শন এবং তথ্যাদি যাচাইয়ের মাধ্যমে ঋণের সদ্ব্যবহার মনিটরিং এবং মূল্যায়ন করা হবে।<br>গ) রিপোর্টিং ও মনিটরিং এর সুবিধার্থে নিয়মিতভাবে ঋণ আদায় উপ-বিভাগে এতদ্সংক্রান্ত তথ্য প্রেরণ করতে হবে। |
| ১৯। | অন্যান্য শর্ত | : | ক) গ্রাহক যথাসময়ে ঋণ পরিশোধে ব্যর্থ হলে তা বিদ্যমান নীতিমালা অনুযায়ী শ্রেণীকরণ করতে হবে এবং প্রভিশন সংরক্ষণ করতে হবে।<br>খ) অত্র নীতিমালার আওতায় গ্রাহক পর্যায়ে ঋণ প্রদানের ক্ষেত্রে অন্যান্য বিষয়াদি যেমন-আবেদন গ্রহণ ও প্রক্রিয়াকরণের সময়কাল, ঋণ গ্রহীতার যোগ্যতা নিরুপণ, ঋণ বিতরণ, ঋণের সদ্ব্যবহার, তদারকি ও আদায় প্রক্রিয়ার ক্ষেত্রে বিদ্যমান নীতিমালা যথারীতি অনুসৃত হবে।<br>গ) ব্যাংক কর্তৃপক্ষ প্রয়োজনে এই নীতিমালা সংক্রান্ত যেকোন বিষয় সংশোধন, পরিবর্তন ও পরিমার্জন করতে পারবেন।<br>ঘ) কোন ভাসমান বা অস্থায়ী বাসিন্দাকে ঋণ প্রদান করা যাবে না। |
| ২০। | উপসংহার | : | উপরোক্ত নীতিমালার বিষয়ে কোন স্পষ্টীকরণ প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম উপ-বিভাগের সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।<br>ফোন : ০২-৪৮৩১৩১৯১, ই-মেইল : avublad@gmail.com |

৩। **ইহা অবিলম্বে কার্যকর হবে।**

অনুমোদনক্রমে,

১৯/১০/২০২০<br>
মোঃ শাহজাহান আকন্দ<br>
উপ-বিভাগ প্রধান<br>
ফোন : 02-48313191<br>
avublad@gmail.com

19.10.20<br>
মোঃ আলাউদ্দিন<br>
মহাব্যবস্থাপক (অপারেশন)<br>
ফোন: 02-9347615<br>
ই-মেইল: gmoperation@ansarvdpbank.gov.bd

সূত্র নং-২/২০/৪৯২/ ২০৭৭

তারিখ :১৯-১০-২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। ষ্টাফ অফিসার টু চেয়ারম্যান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এবং উপ-পরিচালক (ওয়েলফেয়ার), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

২। ষ্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ।

৩। ষ্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৪। সকল উপ-বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপ-বিভাগ প্রধান, কম্পিউটার উপ-বিভাগকে ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শণের অনুরোধসহ)।

৫। সকল নিরীক্ষা কর্মকর্তা, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।

৬। নথি/মহানথি ।

১৯-১০-২০২০<br>
মোঃ মজহারুল হাসান<br>
সিনিয়র অফিসার